দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JUN 1995
পৃষ্ঠা ৩ কলাম ১

# প্রাথমিক বিদ্যালয়ে ছেলেদের চেয়ে মেয়েদের ভর্তির হার বেশী

দিনাজপুর সংবাদদাতা ॥ এক জরিপে দেখা গিয়াছে যে ছেলেদের তুলনায় মেয়েদের প্রাথমিক স্কুলে ভর্তির হার বৃদ্ধি পাইয়াছে। একটি জরিপ সূত্র ধরিয়া পরিসংখ্যান ব্যুরো জানায়, ১৯টি বৃহত্তর জেলার মধ্যে ১৩টি জেলাতেই মেয়েদের ভর্তির হার ছেলেদের চেয়ে বেশী। বৃহত্তর ১৯টি জেলার মধ্যে যে ১৭টি জেলায় জরিপ চালানো হয় সেই জেলাগুলি হইল দিনাজপুর, রংপুর, বগুড়া, পাবনা, রাজশাহী, কুষ্টিয়া, ফরিদপুর, খুলনা, যশোর, পটুয়াখালী কুমিল্লা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট,

(৪থ পৃঃ দ্রঃ)

## প্রাথমিক বিদ্যালয়

(৩য় পৃঃ পর)

ময়মনসিংহ, টাঙ্গাইল ও ঢাকার মানিকগঞ্জ বগুড়া, পাবনা, রাজশাহী ও চট্টগ্রাম জেলায় ছেলে ভর্তির হার বেশী। পাবনায় ৮২ ভাগ ছেলে ও ৮০ ভাগ মেয়ে, রাজশাহীতে ৮৫ ভাগ ছেলে ও ৭৮ ভাগ মেয়ে, চট্টগ্রামে ৮৬ ভাগ ছেলে ও ৮৫ ভাগ মেয়ে ভর্তি হইয়াছে। অপর দিকে মেয়ে ভর্তি হইয়াছে দিনাজপুরে ৮১ ভাগ, ছেলে ৭৬ ভাগ, রংপুরে মেয়ে ৭৮ ও ছেলে ৭৫ ভাগ, কুষ্টিয়ায় মেয়ে ৯১ ভাগ ও ছেলে ৭৯ ভাগ, ফরিদপুরে মেয়ে ৮৯ ও ছেলে ৭৯ ভাগ, যশোরে মেয়ে ৮৭ ও ছেলে ৮৩ ভাগ, বরিশালে মেয়ে ৯০ ও ছেলে ৮৭ ভাগ, কুমিল্লায় মেয়ে ৯৯ ও ছেলে ৮৮ ভাগ, পটুয়াখালীতে মেয়ে ৮৫ ও ছেলে ৮২ ভাগ, সিলেটে মেয়ে ৮৭ ও ছেলে ৮২ ভাগ, ময়মনসিংহে মেয়ে ৭১ ও ছেলে ৬৭ ভাগ, টাঙ্গাইলে মেয়ে ৮৪ ও ছেলে ৮৩ ভাগ এবং মানিকগঞ্জে মেয়ে ৮৩ ও ছেলে ৮১ ভাগ। মাত্র ১টি জেলায় ছেলে ও মেয়ে শিশু ভর্তির হার সমান। খুলনা জেলায় ছেলে ও মেয়ে শিশু ভর্তির হার ৯০ দশমিক শূন্য ৯ ভাগ।